

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৩.২০৩.০০০.১৪.০১৩.১৬- ৪০৬

তারিখঃ ০৭ বৈশাখ ১৪২৪  
২০ এপ্রিল ২০১৭

বিষয় : “জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়)” প্রকল্পের (প্রকল্প কোড ৫০০১) জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ প্রসংগে।

সূত্র : স্মারক নং ৪৬.০৩.০০০০.০০১.১৪.০০১.১৩-৪২২২

তারিখ : ১১/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়)” প্রকল্পটি অনুমোদিত। প্রকল্পটির জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ২১০০.০০ লক্ষ (রাজস্ব ৪১৬.০০ লক্ষ + মূলধন ১৬৮৪.০০ লক্ষ) টাকা বরাদ্দ নির্ধারণ করা হয়। বাজেট বরাদ্দ অনুযায়ী খাত অনুযায়ী বিভাজন অনুমোদন করে ১ম-৩য় কিস্তিতে মোট ১৫৪১.২৫ লক্ষ (রাজস্ব ৫৯৪.৭৫ লক্ষ + মূলধন ৯৪৬.৫০ লক্ষ) টাকা ছাড়ের মঞ্জুরী প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আরএডিপি’র বরাদ্দ মোতাবেক ৪র্থ কিস্তিতে শুধু মূলধন খাতে ৭৩৭.৫০ লক্ষ টাকা ছাড় করা প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পটির জন্য চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে আরএডিপি’র বরাদ্দ অনুযায়ী ৪র্থ কিস্তিতে মূলধন খাতে ৭৩৭.৫০ লক্ষ (সাত কোটি সাতত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : (ক) সূত্রোক্ত পত্রের ছায়ালিপি  
(খ) সংলগ্ন ৪ ও ৫ মোতাবেক তথ্যাদি  
(গ) খাতওয়ারি বিভাজন আদেশ কপি  
(ঘ) নোটাংশের ফটোকপি (সত্যায়িত)

মোঃ খাইরুল ইসলাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬২

সিনিয়র সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।  
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা

অনুলিপি

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।